## ICAN আসলে কী?

ICAN হলো এমন একটি প্রোগ্রাম যা নিউ ইয়র্কে Medicaid থাকা ব্যক্তিদের সহায়তা করে। আমরা Medicaid পরিচালিত সেবা পরিকল্পনা এবং দীর্ঘমেয়াদী পরিচর্যা সম্পর্কে আপনার প্রশ্নের উত্তর দিতে পারি।

**ICAN একটি স্বতন্ত্র সত্তা।** আমরা আপনার স্বাস্থ্য বীমা সংস্থা বা স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সঙ্গে জড়িত নই।

**ICAN বিনামূল্যে সহায়তা করে থাকে।** আমাদের কাজ নিউ ইয়র্কের স্বাস্থ্য বিভাগের প্রদত্ত অর্থ দিয়ে চালিত হয়।

**ICAN গোপনীয়ভাবে কাজ করে।** আপনি অনুমতি দিলে তবেই আমরা আমাদের তথ্য শেয়ার করতে পারি।

**ICAN হলো** নিউইয়র্ক স্টেটে বিভিন্ন প্রান্তে থাকা বিভিন্ন অলাভজনক সংস্থার একটি নেটওয়ার্ক।



**দীর্ঘমেয়াদী পরিচর্যা** বলতে বোঝায় যে আপনার দৈনন্দিন কার্যকলাপ (হোম অ্যাটেন্ডেন্ট বা বাড়িতে স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে সহায়তাকারী) করতে আপনার সঙ্গে অন্য কোনো একজন ব্যক্তি থাকা। Medicaid পরিচালিত সেবা পরিকল্পনাগুলোর মাধ্যমে দীর্ঘমেয়াদী পরিচর্যার জন্য অর্থ দিয়ে থাকে।
**পরিচালিত সেবা পরিকল্পনা** বলতে বেসরকারী স্বাস্থ্য বীমা সংস্থাগুলিকে বোঝায় যারা Medicaid প্রোগ্রামের হয়ে কাজ করে।

## আজই সহায়তা পান। আমরা বিনামূল্যে পরিষেবা দিয়ে থাকি।

### এখানে ফোন করুন: NY রিলে পরিষেবার জন্য (844) 614-8800 TTY 711

আমাদের হেল্পলাইন সোমবার থেকে শুক্রবার, 8am থেকে 6pm পর্যন্ত খোলা থাকে।

আমরা ইংরেজি, স্প্যানিশ, রাশিয়ান এবং ম্যান্ডারিন ভাষায় কথা বলতে পারি। অন্য সমস্ত ভাষার জন্য আমাদের কাছে দোভাষী আছে।

### ওয়েবসাইট: icannys.org

আমাদের ওয়েবসাইটে Medicaid পরিচালিত সেবা এবং হোম কেয়ার সম্পর্কে প্রচুর তথ্য রয়েছে। এটিতে **লাইভ চ্যাট** করার একটি টুলও আছে যার মাধ্যমে আপনি রিয়েল টাইমে ICAN কাউন্সেলরকে মেসেজ পাঠাতে পারেন। আমাদের লাইভ চ্যাট পরিষেবা সোমবার থেকে শুক্রবার, 9am থেকে 5pm পর্যন্ত খোলা থাকে। আপনি আমাদের ওয়েবসাইট থেকেও **আমাদেরকে কোনো মেসেজ পাঠাতে পারেন**, তারপর আমাদের একজন সহায়তাকারী আপনাকে ফোন করে নেবেন।

Community Service Society
633 Third Ave., New York, NY 10017
(212) 254-8900
cssny.org

অক্টোবর 2025-এ আপডেট করা হয়েছে



# Medicaid হোম কেয়ার থেকে সহায়তা পান।

আপনার Medicaid স্বাস্থ্য বীমা থেকে আপনার যা প্রয়োজন তা পেতে ICAN আপনাকে সহায়তা করতে পারে।

ICAN
Independent Consumer Advocacy Network



## আমরা কীভাবে সহায়তা করে থাকি?

- আমরা Medicaid, Medicare, দীর্ঘকালীন পরিচর্যা, HARP-এর সুযোগ-সুবিধা এবং পরিচালিত সেবা সংক্রান্ত আপনার প্রশ্নগুলোর উত্তর দিয়ে থাক।ি
- আমরা আপনাকে MLTC, MAP, PACE, HARP, FIDA-IDD, এবং Medicaid পরিচালিত যত্ন পরিকল্পনার সহ বিভিন্ন ধরণের Medicaid-এর পরিকল্পনার বিষয়ে সহায়তা করতে পারি (আপনি যদি হোম কেয়ার পরিষেবা গ্রহণ করে থাকেন)।
- আমরা আপনার পরিচালিত যত্ন পরিকল্পনার সাথে সম্পর্কিত সমস্যাগুলোর সমাধান করতে সহায়তা করতে পারি।
- আমরা আপনার অভিযোগ, আপিল বা ন্যায্য শুনানিতে সহায়তা করতে পারি (তবে ICAN ন্যায্য শুনানিতে আইনি প্রতিনিধিত্ব করতে পারে না)।

# আমাদের পরিষেবা

## টোল ফ্রি হেল্পলাইন নম্বর

লাইভে একজন স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শদাতার সঙ্গে কথা বলতে আমাদের টোল-ফ্রি নম্বরে কল করুন। আমাদের হেল্পলাইন সোমবার-শুক্রবার, 8am থেকে 6pm পর্যন্ত খোলা থাকে। NYC-এর বাইরে বসবাসকারী কলাররা তাদের স্থানীয় ICAN এজেন্সি থেকে কল পেতে একটি মেসেজ করে রাখতে পারেন, বা তারা সরাসরি তাদের স্থানীয় ICAN এজেন্সিকে কল করতে পারেন। আপনার স্থানীয় এজেন্সিকে খুঁজে পেতে **icannys.org** -এ যান।

## সশরীরে সহায়তা পাওয়া

প্রয়োজনে নিউ ইয়র্ক স্টেটের বিভিন্ন প্রান্তে থাকা আমাদের কেন্দ্রগুলোর মধ্যে থেকে যেকোনো একটিতে আমরা আপনার সঙ্গে সশরীরে দেখা করতে পারি। নিকটস্থ লোকেশনে সম্পর্কে জানতে **icannys.org**-এ যান এবং আপনার স্থানীয় ICAN এজেন্সির সঙ্গে কীভাবে যোগাযোগ করবেন তা জেনে নিন। আপনার যদি যাতায়াত করতে অসুবিধা হয়, তাহলে আমরা আপনার বাড়িতেও দেখা করতে পারি।

## কমিউনিটিতে উপস্থাপনা করা

Medicaid-এর পরিষেবা গ্রহণকারী, পারিবারিক পরিচর্যা প্রদানকারী, স্বাস্থ্য সেবার সাথে যুক্ত পেশাদার ব্যক্তি এবং সহায়তাকারীদের ICAN শিক্ষাগত ব্যবস্থাপনা দিয়ে থাকে। আপনি **icannys.org** থেকে আপনার নিকটস্থ কোনো ইভেন্টের বিষয়ে জেনে নিতে পারেন।

## নীতি সংক্রান্ত ফিডব্যাক

ICAN সমস্ত প্রবণতাগুলি পর্যবেক্ষণ করে এবং NY-এর স্বাস্থ্য দপ্তরকে রিপোর্ট করে। প্রত্যেকের জন্য সিস্টেমটি উন্নত করতে সহায়তা করার জন্য আমরা পরিচালিত যত্ন পরিকল্পনা এবং স্বাস্থ্য বিভাগের সঙ্গে কাজ করি।

**রিমাইন্ডার!** আপনার সঙ্গে আগে কথা না বলে ICAN আপনার হয়ে কোনো পদক্ষেপ (যেমন একটি আপিল দাখিল করা) গ্রহণ করতে পারেন না। ICAN-এর কোনো কাউন্সিলর অনুরোধ জানানোর আগে আমাদেরকে আপনার কোনো ব্যক্তিগত তথ্য বা নথি পাঠাবেন না।



ICAN-এর সঙ্গে যোগাযোগ করার আগে অনুগ্রহ করে নিম্নলিখিত তথ্যগুলো প্রস্তুত করে রাখুন:

- ☐ আপনার সমস্ত স্বাস্থ্য বীমা পরিকল্পনার সদস্য আইডি কার্ড
- ☐ আপনার স্বাস্থ্য পরিকল্পনার পক্ষ থেকে আপনাকে পাঠানো সমস্ত নোটিশ
- ☐ আপনি যদি কোনো মেসেজ জানাতে চান, অনুগ্রহ করে আপনার নাম, আপনার সঙ্গে যোগাযোগের তথ্য, কাউন্টির নাম, স্বাস্থ্য পরিকল্পনা এবং আপনার সমস্যার সংক্ষিপ্ত বিবরণ দেবেন।